গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১- ১২১৫ তারিখঃ20 /০৪/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গত ১১/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: -02---- পাতা।

20/04/22

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ- যুগ্মসচিব, ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে -

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপ সচিব (প্রশাসন -৪, মনিটরিং ও সমন্বয় শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।
৪। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১ -১১৮৫ তারিখঃ 20 /০৪/২০২২ খ্রিঃ

## নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ১১.০৪.২০২২ খ্রিঃ সকাল ১১.৩০ টা।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনাকালীন সময়ে অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীগণকে স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতি, জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সদস্যবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **তৃতীয় ত্রৈমাসিক সভার অগ্রগতি পর্যালোচনাঃ** সভাপতি সিদ্ধান্তসমূহের অগ্রগতি সবিস্তারে পর্যালোচনা করেন।<br>২০২১-২০২২ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি পরিচালক (সমন্বয়) |
| ০২. | **নৈতিকতা চর্চায় পুরুষ্কার প্রদান সংক্রান্ত আলোচনাঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে নৈতিকতা চর্চার জন্য পুরুস্কার প্রদানের বিষয়ে আলোচনা করেন। | ১. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য থেকে নৈতিকতা চর্চার জন্য স্থানীয়ভাবে পুরুষ্কার প্রদানের লক্ষ্যে নৈতিকতা কমিটি প্রার্থীর তালিকা থেকে চূড়ান্ত প্রার্থী নির্বাচন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>উপ-পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৩. | **সেবার মান উন্নয়নে হাসপাতাল পরিদর্শনঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের সেবার মান উন্নয়নের লক্ষ্যে পরিদর্শনের গুরুত্ব পর্যালোচনাপূর্বক পরিদর্শন কার্যক্রম জোরদার করার তাগিদ প্রদান করেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন হাসপাতালে সারপ্রাইজ ভিজিট অব্যহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>উপ-পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৪. | **গণশুনানিঃ** নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানসমূহে গণশুনানির আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানসমূহে কার্যক্রম ৩.২ বাস্তবায়নে যথা সময়ে গণশুনানির আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **স্টোর ম্যানেজমেন্ট সফট ওয়্যার চালুকরণঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারের গুরুত্ব ও সুবিধাসমূহ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকলকে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করার জন্য তাগিদ প্রদান করেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করার লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক প্রেরিত প্রাক্কলণের প্রেক্ষিতে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। যত দ্রুত সম্ভব স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি পরিচালক (সমন্বয়) ও সহকারি প্রোগ্রামার |
| ০৬. | **ই- ফাইলিংঃ** সভাপতি ই-নথির কার্যক্রমের গুরুত্ব ও সুবিধাসমূহ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকলকে দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বৃদ্ধি করার জন্য মতামত ব্যক্ত করেন। | ০১. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রত্যেক শাখায় ই-নথির কার্যক্রম সফলতার সাথে চলমান রয়েছে, এ ধারা অব্যহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল) সহকারি পরিচালক (পি এম আই এস) ও সহকারি প্রোগ্রামার |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে নৈতিকতা নিয়ে চলার অঙ্গিকার ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৪/১৮
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।